

💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ ইহরাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

8০- বাংলাদেশ থেকে গমনকারী লোকেরা যদি নিজ বাড়ী বা ঢাকা এয়ারপোর্ট থেকে ইহরাম পরে তবে কি তা জায়েয?

হ্যাঁ, তা জায়েয আছে। ইহরামের কাপড় মীকাত থেকে পরা সুন্নাত হলেও বিমান বা যানবাহনে উঠার আগেই গোসল করে ইহরামের কাপড় পরে নিতে পারেন। তবে নিয়ত করা উচিৎ মীকাতে পোঁছে বা এর পূর্বক্ষণে। কারণ, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মীকাতে পৌঁছার আগে নিয়ত করতেন না। কাজেই মীকাতে পৌঁছার আগে নিয়তও করবে না এবং তালবিয়াহ পাঠও শুরু করবে না।

বিভিন্ন এয়ারলাইনসে ট্রানজিট পেসেন্জার হিসেবে যারা আবুধাবী, দুবাই, কুয়েত, দুহা, বাহরাইন, মাসকাট ও সানআ এয়ারপোর্টে নামবেন তারা সেখানেও পরিচ্ছন্নতা ও অজু-গোসলের কাজ সেরে ইহরামের কাপড় পরে নিতে পারেন। এরপর বিমানে যখন মীকাতে পৌছার ঘোষণা দেবে তখনই নিয়ত করে নেবেন এবং তালবিয়াহ পাঠ শুরু করবেন। তবে ঘোষণা দেয়ার সঙ্গেই নিয়ত করে ফেলবেন। কারণ বিমান খুবই দ্রুত চলে। আপনার নিয়ত করা যেন মীকাতে পৌঁছার আগেই হয়ে যায়। তা না হলে দম দিতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1379

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন